যুগান্তর

NOV. 25 2001

তারিখ ............

পৃষ্ঠা ... কলাম ...

# কাবুলের স্কুলে গোপনে মেয়েদের পড়ানো হতো

এনডিটিভি

আফগানিস্তানে তালেবান আমলে গোপনে মেয়েদের স্কুলে পড়ানোর কথা জানা গেছে। ভারতের এনডিটিভির কাবুল সংবাদদাতা অজয় শুক্লা খোদ কাবুল শহরে এই স্কুলের খোঁজ পান। তালেবান শাসনামলে নারী শিক্ষা পুরোপুরি নিষিদ্ধ থাকলেও কামিলা ইয়াফতালি নামের এক দুঃসাহসী মহিলা টানা পাঁচ বছর ধরে ওই স্কুলে নারী শিক্ষা চালু রেখেছেন। কাবুলের উপকণ্ঠে অপেক্ষাকৃত জনবিরল এক এলাকার একটি ভবনে উলফান স্কুলটি অবস্থিত। প্রথমে নিজের দুই পুত্র এবং দুই কন্যা নিয়ে স্কুলটি শুরু করেন তিনি। ধীরে ধীরে তার ছাত্রছাত্রীর সংখ্যা ১৮০ জনে পৌঁছে। এদের মধ্যে ১২০ জনই মেয়ে। স্কুল এলাকার অধিবাসী ও অভিভাবকদের সহায়তায় এখানে নারী শিক্ষা চালু রাখা সম্ভব হয়েছে। এই স্কুলের চারজন শিক্ষকের সবাই নারী। দু'জন বা তিনজন ছাত্রী একত্রে স্কুলে আসত। কখনও পথিমধ্যে কোন তালেবান তাদের জিজ্ঞাসাবাদ করলে তারা বলত সেলাই শিখতে যাচ্ছি। কামিলা ইয়াফতালি জানান, এটি মাদ্রাসা নয়। ধর্ম বিষয়ে শিক্ষাদানের পাশাপাশি এখানে শিশুদের গণিত, ভাষা, কলা ও বিজ্ঞান বিষয়ে শিক্ষা দেয়া হতো। তালেবান আমলে মেয়েদের এসব বিষয় শেখানো পুরোপুরি নিষিদ্ধ ছিল।